

## 💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাত ছালাত সমূহ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (১) ফজরের ছালাতের জামা'আত চলা অবস্থায় সুন্নাত পড়তে থাকা
- (১) ফজরের ছালাতের জামা আত চলা অবস্থায় সুন্নাত পড়তে থাকা :

ইকামত হওয়ার পর এবং রীতি মত জামা'আত চলছে এমতাবস্থায় বহু মসজিদে ফজর ছালাতের সুন্নাত আদায় করতে দেখা যায়। মাওলানা মুহিউদ্ধীন খান লিখেছেন, 'জামাআত শুরু হওয়ার পর কোন নফল নামায শুরু করা জায়েয নয়। তবে ফজরের সুন্নত এর ব্যতিক্রম'।[1] অথচ উক্ত দাবী সুন্নাত বিরোধী। কারণ যখন ফর্য ছালাতের ইকামত হয়ে যায়, তখন সুন্নাত পড়া যাবে না।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ إِذَا أُقِيْمَتِ الصَّلاَةُ فَلاَ صَلاَةَ إِلاَّ الْمَكْتُوْبَةُ.

আবু হুরায়রাহ (রাঃ) থেকে বর্ণিত, নবী (ছাঃ) বলেন, 'যখন ছালাতের ইকামত দেওয়া হবে তখন ফরয ছালাত ব্যতীত আর কোন ছালাত নেই'।[2]

উল্লেখ্য যে, 'ফজর ছালাতের পর সূর্য উঠা পর্যন্ত ছালাত নেই'[3] এই ব্যাপক ভিত্তিক হাদীছের আলোকে বলা হয়, ফজর ছালাতের সুন্নাত আগে পড়তে না পারলে, সূর্য উঠার পর পড়তে হবে। সেকারণ উক্ত আমল সমাজে চালু আছে। অথচ উক্ত হাদীছের উদ্দেশ্য অন্য যেকোন ছালাত। কারণ ফজরের পূর্বে সুন্নাত পড়তে না পারলে ছালাতের পরপরই পড়ে নেয়া যায়। উক্ত মর্মে স্পষ্ট ছহীহ হাদীছ বর্ণিত হয়েছে।

عَنْ قَيْسِ بْنِ عَمْرِو قَالَ رَأَى رَسُوْلُ اللهِ رَجُلاً يُصلِّى بَعْدَ صَلاَةِ الصَّبْحِ رَكْعَتَيْنِ فَقَالَ رَسُوْلُ اللهِ صَلاَةُ الصَّبْحِ رَكْعَتَيْنِ فَقَالَ اللهِ صَلاَةُ الصَّبْحِ رَكْعَتَيْنِ فَقَالَ اللهَ عَمْرِو قَالَ اللهِ مَلَاتُهُمَا اللهَ عَلْمُهُمَا فَصَلَّيْتُهُمَا الآنَ فَسَكَتَ رَسُوْلُ اللهِ .

কায়েস ইবনু 'আমর (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) একদা ফজরের ছালাতের পর এক ব্যক্তিকে দুই রাক'আত ছালাত আদায় করতে দেখলেন। তখন তিনি বললেন, ফজরের ছালাত দুই রাক'আত। তখন ঐ ব্যক্তি বলল, আমি ফজরের পূর্বের দুই রাক'আত আদায় করিনি। তাই এখন সেই দুই রাক'আত আদায় করলাম। অতঃপর রাসূল (ছাঃ) চুপ থাকলেন।[4]

অতএব প্রচলিত অভ্যাস পরিত্যাগ করে সুন্নাতকে প্রাধান্য দিতে হবে। উল্লেখ্য যে, বহু মসজিদে লেখা থাকে লাল বাতি জ্বললে সুন্নাত পড়বেন না। উক্ত লেখা সুন্নাত বিরোধী হলেও সব ছালাতের ক্ষেত্রে অনুসরণ করা হয়, কিন্তু ফজরের সুন্নাতের ব্যাপারে তা অনুসরণ করা হয় না। কারণ এটা সুন্নাত তাই।

## ফুটনোট

[1]. তালীমুস্-সালাত, পৃঃ ১৭৭।



- [2]. ছহীহ মুসলিম হা/১৬৭৮-১৬৭৯ ও ১৬৮৪, ১/২৪৭ পৃঃ, (ইফাবা হা/১৫১৪ ও ১৫২১) 'মুসাফিরদের ছালাত' অধ্যায়, অনুচ্ছেদ-৯; ছহীহ বুখারী হা/৬৬৩, ১/৯১ পৃঃ, (ইফাবা হা/৬৩০, ২/৬৪ পৃঃ) 'আযান' অধ্যায়, অনুচ্ছেদ-৩৮; মিশকাত হা/১০৫৮, পৃঃ ৯৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৯৯১, ৩/৪৬ পৃঃ, 'জামা'আত ও তার ফ্যীলত' অনুচ্ছেদ।
- [3]. বুখারী হা/৫৮৬, ১/৮৩ পৃঃ; মিশকাত হা/১০৪১; বঙ্গানুবাদ মিশকাত হা/৯৭৪, ৩/৩৭ পৃঃ।
- [4]. আবুদাঊদ হা/১২৬৭, ১/১৮০ পৃঃ; মিশকাত হা/১০৪৪, পৃঃ ৯৫ সনদ ছহীহ; বঙ্গানুবাদ মিশকাত হা/৯৭৭, ৩/৪০ পৃঃ, 'ছালাতের নিষিদ্ধ সময়' অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1954

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন